

নিরাপদ সড়ক:

পুলিশের সড়ক দুর্ঘটনা সম্পর্কিত পরিসংখ্যান নির্দেশ করে যে স্থানীয়দের তুলনায় বিদেশীরা সর্বোচ্চ ঝুঁকি প্রদর্শন করে। নিরাপদ সড়কের বিষয়ে সুনির্দিষ্ট ক্রোড়পত্র বিভিন্ন ভাষায় পাওয়া যায় এবং আপনি তা থেকে পরামর্শ গ্রহণ করতে পারেন।

নাগরিকের অধিকার:

পুলিশ তাদের নাগরিকদের সঠিক অধিকার সংক্রান্ত ক্রোড়পত্র প্রকাশ করেছে, ইহা মানবাধিকার, তৃতীয় দেশগুলোর নাগরিকদের কাজ, জনগনের স্বার্থ-সংশ্লিষ্ট পুলিশের কার্যপ্রণালী (যেমন পুলিশ সনদ অর্জন) এবং সামাজিক বিষয়গুলো পুলিশের সামর্থ্য অনুযায়ী (যেমন মাদক অপব্যবহার এবং পারিবারিক হিংসাত্মক আচরণ) বিষয়ে আলোচনা করে। অধিকার বিষয়ক ক্রোড়পত্র ইংরেজি ও গ্রীক ভাষায় পাওয়া যায় (www.police.gov.cy)

কাজের সুযোগ:

পুলিশের চাকুরিতে যোগদানের প্রয়োজনীয় বিজ্ঞপ্তি প্রতিদিনের খবরের কাগজে ছাপা হয় এবং পুলিশের ওয়েবসাইটে পাওয়া যায়। পুলিশে চাকরি পাওয়ার জন্য মূল যোগ্যতা হিসাবে মাধ্যমিক বিদ্যালয়ের ডিপ্লোমাতে ৬ষ্ঠ গ্রেড পেতে হবে এবং বয়স ১৮ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে (অথবা বিশ্ববিদ্যালয় স্নাতকদের জন্য ৪০ বছর), সিপ্রিয়ট নাগরিকত্ব এবং শুধুমাত্র পুরুষদের জন্য ন্যাশনাল গার্ড আর্মির অনুলীলন সম্পূর্ণ করা অথবা ইহা হইতে আইন সম্মত ভাবে ব্যতিক্রম (স্বাস্থ্য সম্পর্কিত নয়)।



সাইপ্রাস পুলিশ বৈষম্যের বিরুদ্ধে বৈচিত্রে বিশ্বাসী

প্রজাতন্ত্রী সাইপ্রাসে কর্মপন্থা

সাইপ্রাস পুলিশ বৈষম্যের বিরুদ্ধে বৈচিত্রে বিশ্বাসী



Action co-financed by the European Union and the Republic of Cyprus

গনতান্ত্রিক সমাজ:

প্রজাতন্ত্রী সাইপ্রাসের সংবিধান এবং আইন প্রত্যেক ব্যক্তির মানবাধিকার ও তাহার ব্যক্তিগত অথবা অন্যান্য সামাজিক মর্যাদা উপভোগ করার নিশ্চয়তা দেয়। সমতাই হচ্ছে মূল নীতি, যা সকল আইনগত এবং প্রশাসনিক কাজে প্রতিফলিত হয়। যেকোন ক্ষেত্রে বৈষম্য আইনগত ভাবে নিষিদ্ধ।

২০০৮-২০১১ পুলিশের কৌশলগত পরিকল্পনার এক এবং একমাত্র মূল উদ্দেশ্য হচ্ছে-

“ সাইপ্রাস পুলিশ সমাজ, জাতি, বর্ণ, ধর্ম, ভাষা, লিঙ্গ, রাজনৈতিক ভিন্নমত, উপজাতি অথবা আদিবাসী, বয়স, সামাজিক অবস্থান নির্বিশেষে সবার জন্য যথাযথ এবং সম আচরণ করতে প্রতিজ্ঞাবদ্ধ।” একই দলিলে লক্ষণীয় “সবার জন্য মানবাধিকার সম্মান” হচ্ছে প্রাথমিক কর্মপন্থা।

পুলিশের ক্ষমতা আইন দ্বারা পরিবেষ্টিত এবং তাদের অনুলীলন আইনের ভিত্তিতে পরিচালিত। পুলিশ সম্পর্কিত কিছু সংখ্যক নীতিমালা ও জবাবদিহীতা জাতীয় পর্যায়ে বিদ্যমান।

জরুরী এবং অন্যান্য প্রয়োজনীয় পুলিশ দুরালাপন: সাইপ্রাসের জরুরী ফোন নাম্বার হচ্ছে ১১২ (পুলিশ, অগ্নি নির্বাপক সংস্থা, এবং এম্বুলেন্স)।

আরও জরুরী প্রয়োজনে আপনার জন্য পরামর্শ হচ্ছে, আপনি যেখানে বসবাস করেন এবং কাজ করেন তার নিকটস্থ পুলিশ স্টেশনের ৮ সংখ্যার ফোন নাম্বার জেনে রাখুন।

আপনি এই নাম্বার টেলিফোন ডিরেক্টরিতে (বই) পেতে পারেন অথবা পুলিশের ওয়েবসাইটে (www.police.gov.cy)।

এই নাম্বার আপনার স্বরণ রাখা উচিত অথবা কাগজে লিখে হাতের কাছে রাখতে পারেন অথবা আপনার মোবাইলফোনে সংরক্ষণ করতে পারেন, প্রয়োজনের পূর্বেই।

পুলিশ নাগরিক সাহায্যকারী নাম্বার (১৪৬০) পরিচালনা করে যা ২৪ ঘন্টা চালু থাকে, যে কেউ বিনামূল্যে আলাপ করতে পারে, সাধারণ তথ্য আদান প্রদান করার কাজে। আরও একটি অতিরিক্ত নাম্বার ১৪৯৮, মাদক অপব্যবহার সংক্রান্ত ইস্যুতে পরামর্শ কাজে ২৪ ঘন্টা চালু থাকে।

পুলিশ স্টেশনের সক্ষমতা:

প্রত্যেক পুলিশ স্টেশনেরই পূর্ব থেকে নিশ্চিত করা চতুর্পার্শের ভৌগোলিক অঞ্চল পরিচালনা করার সক্ষমতা আছে। কোন অপরাধ অথবা পুলিশ সংক্রান্ত বিষয় যেখানে অপরাধ সংঘটিত হয়েছে তার নিকটস্থ পুলিশ স্টেশনে অভিযোগ করা উচিত। কিছু অপরাধ বিচারের মানদণ্ড অনুযায়ী, স্থানীয় বিভাগীয় অপরাধ তদন্ত দফতরে পাঠানো হতে পারে।

ভাষা / অনুবাদক:

পুলিশ দৈনন্দিন কাজে গ্রীক ভাষা ব্যবহার করে। ইংরেজি ও ব্যাপকভাবে ব্যবহৃত হয়, এবং অধিকাংশ পুলিশ সাধারণত ইংরেজিতে তথ্য আদান প্রদান করতে পারে।

অনেক বছর ধরেই বিদেশী ভাষা প্রসারের জন্য সাইপ্রাস পুলিশ উৎসাহিত করেছে, যেমন- তুর্কী, আরবী, রুশ, স্প্যানিস, ফরাসী এবং জার্মান ভাষা যা পুলিশের কিছু সদস্যরা বলতে পারেন। তথাপি, আপনি যদি ইংরেজি অথবা গ্রীক বলতে না পারেন পুলিশের সাথে আপনার তথ্য আদান প্রদান অনুবাদকের মাধ্যমে সহজতর করা হবে। ইহা আপনার জন্য বিনামূল্যে ব্যবস্থা করা হবে, কিন্তু সাধারণত এই ব্যবস্থা সময় ব্যয় সাপেক্ষ।

পরিচয় পত্র/ভ্রমণ দলিল:

সর্বক্ষণ আপনার পরিচয় পত্র অথবা ভ্রমণ দলিল আপনার সাথে রাখা অথবা সরবরাহ করতে পারা উচিত। যেকোন ব্যক্তিকে তার পরিচয় (পরিচয় পত্র, পাসপোর্ট, এলিয়েন বুক, অভিবাসন বই) জিজ্ঞেস করার অধিকার এবং ক্ষমতা পুলিশের আছে। এই ধরনের একটি দলিল আপনার সাথে রাখার জন্য পরামর্শ দেওয়া হচ্ছে।

চাকুরি:

তৃতীয় বিশ্বের জনগনের জন্য সাইপ্রাসে কাজের অনুমতি আছে, নির্দিষ্ট পদ্ধতি অনুসরণ এবং বিশেষ কাজের অনুমতি দেওয়া হয়। এই ধরনের কাজের অনুমতি নির্দিষ্ট কাজের জন্য দেওয়া হয়। নতুন কাজের অনুমতি সাপেক্ষে, কাজের পরিবর্তন গ্রহণযোগ্য। অনুমোদিত কাজের বাহিরে কাজ করা নিষিদ্ধ এবং কর্মচারী ও নিয়োগকর্তা উভয়েই অপরাধী হিসাবে গন্য হবে।